LankaBangla® SECURITIES

দৈনিক সংবাদ সংক্ষেপ

বুধবার, ৫ই ডিসেম্বর, ২০১৮ ইং

সোনালী আঁশের ব্যবসা বাড়ানোর পরিকল্পনা প্রকাশ

পুঁজিবাজারে তালিকাভুক্ত পাট খাতের কোম্পানি সোনালী আঁশ ইন্ডাস্ট্রিজ লিমিটেডের পরিচালনা পর্ষদ কোম্পানির ব্যবসা বাড়ানোর কিছু পরিকল্পনা হাতে নিয়েছে। এর জন্য কোম্পানিটি সংঘস্মারকে আরো দুটি ধারা অন্তর্ভুক্ত করতে হবে। ৩০ জুন সমাপ্ত ২০১৮ হিসাব বছরের জন্য ১০ শতাংশ নগদ লভ্যাংশ সুপারিশ করেছে কোম্পানির পর্ষদ। এদিকে এসব পরিকল্পনা প্রকাশের আগের ছয় সপ্তাহে স্টক এক্সচেঞ্জে শেয়ারটির দর ১০০ শতাংশের বেশি বেড়ে গেছে। গতকাল স্টক এক্সচেঞ্জ মারফত শেয়ারহোল্ডারসহ সংশ্লিষ্ট সবাইকে কোম্পানি কর্তৃপক্ষ জানিয়েছে, ৩১ ডিসেম্বর বেলা সাড়ে ১১টায় রাজধানীর ধানমন্ডিতে তাদের বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। সেখানে লভ্যাংশ ও অন্যান্য এজেন্ডার পাশাপাশি সংঘস্মারক সংশোধনের প্রস্তাব বিবেচনা করবেন কোম্পানির শেয়ারহোল্ডাররা। সভার রেকর্ড ডেট ২৬ ডিসেম্বর।http://bonikbarta.net

সূচক ও লেনদেনে চাঙ্গাভাব

ডিসেম্বর মাসে চাঙ্গাভাব ফিরতে শুরু করেছে দেশের পুঁজিবাজারে। মূলত প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীদের সক্রিয়তায় সূচকের পাশাপাশি লেনদেনেও গতি ফিরছে। গতকাল সপ্তাহের তৃতীয় কার্যদিবসে শূন্য দশমিক ৯২ শতাংশ বেড়েছে ঢাকা স্টক এক্সচেঞ্জের ব্রড ইনডেক্স ডিএসইএক্স। লেনদেন ৫৫০ কোটি থেকে ৬৮৩ কোটি টাকায় উন্নীত হয়েছে।বিনিয়োগকারী ও বাজারসংশ্লিষ্টরা বলছেন, পুঁজিবাজার পোর্টফোলিওতে রিটার্ন যথাসম্ভব ভালো দেখাতে ডিসেম্বর ক্লোজিংয়ের আগে আর্থিক খাতের প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারীরা ক্রয়াদেশ বাড়ানোর চেষ্টা করছে। আইসিবির ২ হাজার কোটি টাকার বিশেষ বন্ড ও চীনা কনসোর্টিয়াম থেকে পাওয়া ডিএসই সদস্যদের তহবিলও বাজারে বিনিয়োগ হচ্ছে। সাম্প্রতিক নিম্নমুখিতায় দর হারানো অনেক শেয়ার ক্রয়সীমায় চলে আসায় সেগুলোও ক্রয়াদেশ বাড়াতে ভূমিকা রেখেছে।http://bonikbarta.net

ফুল শিল্পের বিকাশ : নীতিমালা প্রণয়ন ও অবকাঠামো উন্নয়নে গুরুত্বারোপ

ফুল রফতানির বৈশ্বিক বাজার প্রায় সাড়ে ৪ হাজার কোটি ডলারের। বাংলাদেশেও এটি অত্যন্ত সম্ভাবনাময় একটি শিল্প। স্থানীয়ভাবে ফুলের বাজারমূল্য প্রায় ১ হাজার কোটি টাকা। এ শিল্পের বিকাশে এজন্য প্রয়োজন অনুকূল নীতিমালা প্রণয়ন এবং এ খাতে অবকাঠামোগত উন্নয়ন। গতকাল এক সংবাদ সম্মেলনে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) পক্ষ থেকে এমনটি জানানো হয়েছে। ঢাকা চেম্বারের আয়োজনে আগামীকাল বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে শুরু হচ্ছে তিন দিনব্যাপী ‘ইন্টারন্যাশনাল ফ্লাওয়ার এক্সিবিশন অ্যান্ড কনফারেন্স ২০১৮’। http://bonikbarta.net

বুড়িমারী স্থলবন্দরে চার দেশের কাস্টমস কর্মকর্তাদের সমন্বয় সভা

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলাধীন বুড়িমারী স্থলবন্দরে গতকাল ভারত, ভুটান, নেপাল ও বাংলাদেশের কাস্টমস কর্মকর্তাদের প্রথম সীমান্ত সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আয়োজনে বুড়িমারী স্থলবন্দর কর্তৃপক্ষের সম্মেলন কক্ষে

সভায় চার দেশের কাস্টমসের ১৬ জন উচ্চপদস্থ কর্মকর্তা অংশ নেন। পাঁচ সদস্যের বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দেন কাস্টমস, এক্সাইজ অ্যান্ড ভ্যাট কমিশনারেট রংপুরের অতিরিক্ত কমিশনার আব্দুল মান্নান সরদার। এছাড়া ভুটানের আঞ্চলিক পরিচালক সনাম দর্জির নেতৃত্বে চার কর্মকর্তা, ভারতের পেট্রাপোল কাস্টমসের সহকারী কমিশনার রামসভার মিনার নেতৃত্বে চার কর্মকর্তা ও নেপালের প্রধান কাস্টমস কর্মকর্তা (মেসি বন্দর) টেক বাহাদুর আরিয়ালের নেতৃত্বে তিন কর্মকর্তা সভায় উপস্থিত ছিলেন। সভায় কাস্টমস সাবগ্রুপ অ্যাকশন পয়েন্ট বাস্তবায়ন, অগ্রগতি পর্যালোচনা, তাত্ক্ষণিক যোগাযোগ বৃদ্ধি ও নেপালের সঙ্গে বাংলাদেশের ব্যবসা সম্প্রসারণের লক্ষ্যে ভারতের ফুলবাড়ী স্থলবন্দর ব্যবহার সহজীকরণের বিষয়ে দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় আলোচনা হয়েছে। http://bonikbarta.net

চীন-মার্কিন চুক্তি সত্ত্বেও বাস্তবায়ন উদ্বেগে শেয়ারবাজারে দরপতন

বাণিজ্যযুদ্ধ কিছুদিনের জন্য স্থগিত রাখার সিদ্ধান্ত অনুযায়ী প্রতিশ্রুতি বাস্তবায়নে চীন দ্রুত পদক্ষেপ নেবে বলে প্রত্যাশা করছে যুক্তরাষ্ট্র। বিশেষ করে মার্কিন গাড়ি আমদানিতে শুল্ক হ্রাস এবং মেধাসম্পদ চুরি ও বাধ্যতামূলক প্রযুক্তি স্থানান্তর বন্ধের মতো প্রতিশ্রুতির আশু বাস্তবায়ন দেখতে চায় দেশটি। তবে যুক্তরাষ্ট্র প্রতিশ্রুতি বাস্তবায়নের তাগিদ দিলেও চীন এখন পর্যন্ত কোনো প্রতিক্রিয়া দেখায়নি। প্রেসিডেন্ট শি জিনপিংসহ চীনের অন্যান্য শীর্ষ কর্মকর্তা সফরের কারণে দেশের বাইরে থাকায় এমনটা হচ্ছে বলে ধারণা করা হচ্ছে। এ অবস্থায় বাস্তবিক অর্থে কবে নাগাদ দুই দেশের বিবাদ ঘুচবে তা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে, যার প্রভাবে মঙ্গলবার এশিয়ার বেশির ভাগ শেয়ারবাজারে পতন দেখা যায়। খবর এএফপি, রয়টার্স ও ব্লুমবার্গ।

মুরগির ওজন বাড়াতে কলিস্টিনের ব্যবহার নিষিদ্ধের উদ্যোগ ভারতে

ভারতের মাংস ও পোলট্রি শিল্পে বহুল ব্যবহৃত অ্যান্টিবায়োটিক কলিস্টিনের ব্যবহার নিষিদ্ধের উদ্যোগ নিয়েছে দেশটির সরকার। সাধারণত গবাদিপশুকে দ্রুত বড় করার জন্য অ্যান্টিবায়োটিকটি ব্যবহার করা হয়। খবর লাইভমিন্ট।মানবদেহে অ্যান্টিবায়োটিক প্রতিরোধ গড়ে ওঠার সঙ্গে গবাদিপশুর ওপর কলিস্টিন ও এ ধরনের ওষুধ ব্যবহারের সম্পর্ক রয়েছে বলে মনে করা হচ্ছে। জনস্বাস্থ্য বিশেষজ্ঞদের মতে, এসব অ্যান্টিবায়োটিকের ক্রমাগত ব্যবহারের ফলে রোগীর প্রয়োজনীয় চিকিৎসার সময় এগুলো আর কাজ করে না।চলতি বছরের শুরুতে লন্ডনভিত্তিক ব্যুরো অব ইনভেস্টিগেটিভ জার্নালিজমের এক অনুসন্ধানে ভারতে পালিত মুরগিতে সবচেয়ে শক্তিশালী অ্যান্টিবায়োটিকের ব্যবহারের কথা জানা যায়। সংস্থাটি ভারতীয় পোলট্রি পণ্য সরবরাহকারক ভেঙ্কি'সের মতো কোম্পানিগুলোর কলিস্টিন ব্যবহারের তথ্য ফাঁস করে। ম্যাকডোনাল্ড'স, পিত্জা হাট ও কেএফসির মতো ফাস্টফুড কোম্পানিগুলোর সবচেয়ে বড় পোলট্রি পণ্য সরবরাহকারক হলো ভেঙ্কি'স। http://bonikbarta.net

খরায় গম আবাদে আগ্রহ হারাচ্ছেন ভারতীয় চাষীরা

ভারতে চলতি বছর গমের বাম্পার ফলন হয়েছে। এর জের ধরে দেশটি থেকে কৃষিপণ্যটির রফতানিতেও টানা পাঁচ বছরের মন্দাভাব কেটেছে। সব মিলিয়ে ভারতের গম উৎপাদন ও রফতানি খাতে আশার আলো দেখিয়েছে ২০১৮ সাল। তবে পরিস্থিতি দ্রুত বদলাচ্ছে। দেশটির বিস্তীর্ণ অঞ্চলে দেখা দিয়েছে তীব্র খরা। প্রয়োজনীয় বৃষ্টিপাতের অভাব ও অতিরিক্ত তাপমাত্রা ভারতীয় চাষীদের গম আবাদের আগ্রহ নষ্ট করছে। এ কারণে এবারের রবি মৌসুমে দেশটির উত্তর প্রদেশ ও মধ্য প্রদেশে আগের মৌসুমের তুলনায় চার লাখ হেক্টর কম জমিতে গম আবাদ হয়েছে। এর জের ধরে আগামী বছর ভারতে গম উৎপাদন ও দেশটি থেকে পণ্যটির রফতানি কমে যেতে পারে। বাড়তে পারে কৃষিপণ্যটির দাম। খবর বিজনেস স্ট্যান্ডার্ড ও ইকোনমিক টাইমস।http://bonikbarta.net